



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
Bangladesh Open University
গাজীপুর-১৭০৫

বিজ্ঞপ্তি

বাউবি'র বিএগএড ডিগ্রীকে বিএড-এর সমতুল্য ঘোষণা

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ৩ বছর মেয়াদী ব্যাচেলর অব এগ্রিকালচারাল এডুকেশন (বিএগএড) প্রোগ্রামকে বিএড-এর সমতুল্য ঘোষণা করা হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের ১২ ডিসেম্বর ২০০২ তারিখে ইস্যুকৃত এক আদেশে বলা হয় যে, বাউবি'র বিএগএড ডিগ্রীধারিগণ দেশের বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়/দাখিল মাদ্রাসায় কৃষি শিক্ষক হিসেবে নিয়োগ লাভ করলে বিএড ডিগ্রীধারীদের অনুরূপ সমান বেতন স্কেল এবং এমএড প্রোগ্রামে ভর্তির সুবিধাসহ অন্যান্য সুযোগ-সুবিধা প্রাপ্য হবেন। উল্লেখ্য, ইতোপূর্বে বাউবি'র এসএসসি, এইচএসসি প্রোগ্রামকে বিভিন্ন শিক্ষা বোর্ডের এসএসসি ও এইচএসসি এবং সিএড প্রোগ্রামকে সি-ইন-এড এর সমমান ঘোষণা করা হয়েছে।

মোঃ মুজিব-ই-খোদা তরফদার
রেজিস্ট্রার।

স-১৭০ (৬৫২)